

# যুগান্তর

প্রিন্ট: ২৯ জুন ২০২৫, ১০:৪৬ এএম

শিক্ষাঙ্গন

## জানুয়ারিতে জাবির ৭ম সমাবর্তন: উপাচার্য



জাবি প্রতিনিধি

প্রকাশ: ২৮ জুন ২০২৫, ১০:১৪ পিএম



সিনেট সভায় বক্তারা। ছবি: যুগান্তর

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) ৭ম সমাবর্তনের তারিখ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আগামী বছরের জানুয়ারি মাসে আয়োজন করা হবে বলে জানিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. মো.কামরুল আহসান।

শনিবার (২৮ জুন) বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের পুরাতন রেজিস্ট্রার ভবনে ৪২তম বার্ষিক সিনেট সভায় বক্তব্যে প্রদানকালে তিনি এ তথ্য জানান।

জাবি উপাচার্য বলেন, ২০২৩ সালের ২৫ ফেব্রুয়ারি তারিখে বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠিত হয়েছিল। আমি ২০২৬ সালের জানুয়ারি মাসে ৭ম সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করতে আগ্রহী। এ বিষয়ে আপনাদের পরামর্শ ও সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করি।